বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রধান কার্যালয়
পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা - ১২০৭
www.parjatan.gov.bd

**২০২৩-২৪ অর্থবছরের বাপক-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর '২৩) মেয়াদের অবহিতকরণ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | শাহ্ মোহাম্মদ মিজানুর রহমান<br>মহাব্যবস্থাপক (এইচসিটি) |
| সভার তারিখ | ২৪-০৯-২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | 'ঐকতান' সভাকক্ষ, পর্যটন ভবন, বাপক, প্রধান কার্যালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর অন্তর্ভুক্ত অন্যতম গুরুত্বপূর্ণ কর্মপরিকল্পনা হলো সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়সমূহ। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে পুনর্গঠিত 'সিটেজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র সদস্য সচিব জনাব মোঃ আব্দুছ ছামী, নির্বাহী কর্মকর্তা (আইসিটি) সভাটি সঞ্চালনা করেন। তিনি ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের নিমিত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ সভায় উপস্থাপন করেন।

২। সভায় 'সিটেজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র সদস্যবৃন্দ ছাড়াও উপস্থিত ছিলেন স্টেকহোল্ডার তথা বাপক-এর বিভিন্ন শাখা ও ইউনিটসমূহের সম্মানিত কর্মকর্তাবৃন্দ। সভায় মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অধ্যক্ষ (এনইচটিটিআই), মহাব্যবস্থাপক (পিটিএস), মহাব্যবস্থাপক (পূর্ত, চলতি দায়িত্ব), ব্যবস্থাপক (নিরীক্ষা), ব্যবস্থাপক (বিউজস), ব্যবস্থাপক (বাণিজ্যিক), ব্যবস্থাপক (এস্টেট), ব্যবস্থাপক (প্রশিক্ষণ), উপব্যবস্থাপক (ডিএফও) সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সকলে তাঁদের মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করেন।

৩। 'সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র সদস্য সচিব সভার অবগতির জন্য জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর সংযোজনী হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ০৫ (পাঁচ)টি 'সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র অন্তর্ভুক্ত রয়েছে। এর বিপরীতে সংশ্লিষ্ট বিভাগ/শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত সূচকসমূহের (মোট ০৪ (চার)টি ত্রৈমাসিকের) স্ব স্ব বিভাগ/শাখার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রতি ০৩ (তিন) মাস পর পর (১ম ত্রৈমাসিক: অক্টোবর '২৩, ২য় ত্রৈমাসিক: জানুয়ারি '২৪, ৩য় ত্রৈমাসিক: এপ্রিল '২৪ ও ৪র্থ ত্রৈমাসিক: ২৮ জুন '২৪) আবশ্যিকভাবে প্রশাসন শাখায় প্রেরণ করা হলে সেগুলো যথাসময়ে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা সম্ভব হবে। তন্মধ্যে সংযোজনী ০৭ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অন্তর্ভুক্ত রয়েছে। এখানে সর্বমোট সূচকের মান হলো ২৫, তবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-তে ধার্যকৃত ওয়েটেড স্কোর হলো ৩। ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর '২৩) মেয়াদে বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে নিম্নরূপে স্টেকহোল্ডারগণকে অবহিত করা হয়:

**৩.১ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা ২০২৩-২৪-এর কার্যক্রমসমূহ:**

ক) প্রাতিষ্ঠানিক কার্যক্রম:

১.১ ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ

১.২ ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর / সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর / সংস্থা না থাকলে সেবা প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন

খ) বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ন:

২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর / সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর / সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন

২.২ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর / সংস্থার কর্মকর্তা / কর্মচারীদের জন্য কর্মশালা / প্রশিক্ষণ / সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর / সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ / কর্মশালা / সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন

৩.২ (ক) <u>প্রাতিষ্ঠানিক বিষয়ে নিম্নোক্ত সূচকের বিপরীতে মূল্যায়ন সংক্রান্ত:</u>

১.১ ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ

১.১.১ বাংলাদেশ পর্যটন করপোরেশন গত ২৭-০৮-২০২৩ খ্রি. তারিখ নিজ ওয়েব পোর্টালে (www.parjatan.gov.bd) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সেবাবক্সে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর '২৩) ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট লিংকে আপলোড করা হয়েছে।

১.১.২ **প্রমাণক**: হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ওয়েবলিংক / সরকারি পত্র / অফিস আদেশ।

১.২ ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর / সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর / সংস্থা না থাকলে সেবা প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন

১.২.১ যেহেতু বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর আওতাধীন দপ্তর/সংস্থা বা কোন মাঠ পর্যায়ে কোন কার্যালয় নেই (প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরিত এ সংক্রান্ত পত্রের স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৮.০১৮.২২.২৬৪/১, তারিখ: ১৭ জুলাই ২০২২ খ্রি.), সেহেতু বাপক গত ২৪-০৯-২০২৩ খ্রি. তারিখ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন করে।

১.২.২ **প্রমাণক**: হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ওয়েবলিংক / সরকারি পত্র / অফিস আদেশ অথবা **অবহিতকরণ সভার নোটিশ / কার্যবিবরণী / উপস্থিতির হাজিরা।**

৩.৩ (খ) <u>বাস্তবায়ন সক্ষমতা উন্নয়নের বিষয়ে নিম্নোক্ত সূচকের বিপরীতে মূল্যায়ন সংক্রান্ত:</u>

২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর / সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর / সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন

২.১.১ যেহেতু বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর আওতাধীন দপ্তর/সংস্থা বা কোন মাঠ পর্যায়ে কোন কার্যালয় নেই (প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরিত এ সংক্রান্ত পত্রের স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৮.০১৮.২২.২৬৪/১, তারিখ: ১৭ জুলাই ২০২২ খ্রি.), সেহেতু বাপক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করেছে যা প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হবে।

১.১.২ **প্রমাণক**: সভার কার্যবিবরণী / সভার নোটিশ / উপস্থিতি / হাজিরা / **ত্রৈমাসিক প্রতিবেদন।**

২.২ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর / সংস্থার কর্মকর্তা / কর্মচারীদের জন্য কর্মশালা / প্রশিক্ষণ / সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর / সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ / কর্মশালা / সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন

২.২.১ বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর '২৩) মেয়াদে কোন সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ / কর্মশালা / সেমিনার আয়োজন করা সম্ভব হয়নি। তবে পরবর্তী ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর '২৩)-এ আয়োজন করা সম্ভব হবে মর্মে প্রশিক্ষণ শাখা থেকে জানা গেছে।

১.১.২ **প্রমাণক**: অফিস আদেশ / আলোচ্যসূচি প্রশিক্ষণার্থীদের তালিকা / উপস্থিতির হাজিরা / বার্ষিক প্রতিবেদন।

৪। 'সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র সদস্য সচিব ও নির্বাহী কর্মকর্তা (আইসিটি) সভায় উপস্থিত সকলের অবগতির জন্য বলেন, জনগণের প্রতি দায়বদ্ধতার অংশ হিসেবে ইতোমধ্যে বাপক-এর ওয়েবসাইটে (www.parjatan.gov.bd) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সেবাবক্সে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর '২৩) মেয়াদে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট লিংকে আপলোড করা হয়েছে।

৫। প্রসঙ্গত 'সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র সভাপতি গত ২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার সকল কার্যক্রম ও কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করা সম্ভব হয়েছে মর্মে সভার মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চলতি অর্থবছরেও সফলতার ধারাবাহিকতা বজায় রাখার জন্য তিনি সকলকে উদাত্ত আহ্বান জানান।

পথচলার ৫০

৬। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং সকলের মূল্যবান মতামত যথাযথভাবে প্রতিপালন করা হবে মর্মে অবহিত করেন। একইসাথে সকলকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের উদ্যোগ নিতে নির্দেশনা প্রদান করেন।

৭। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রমাণক হিসেবে ওয়েবসাইটে আপলোড সংক্রান্ত লিংক প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে;

খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ / কর্মশালা / সেমিনার আয়োজন করতে হবে;

ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে;

ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণের নিমিত্ত প্রতিটি বিষয়ে প্রমাণকসহ আগামী ০৫-১০-২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে

৮। সভাপতি APA-তে বাপক-এর চলমান কার্যক্রমের ক্রমধারা বজায় রাখার পাশাপাশি আবশ্যিকভাবে কার্যসম্পন্নের প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ ও দাখিলের জন্য সকলকে অনুরোধ করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

24-09-2023

(শাহ্ মোহাম্মদ মিজানুর রহমান)
মহাব্যবস্থাপক (এইচসিটি)

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৮.০১১.২৩/৬৪৫

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক ---------------------------------------------------- (সকল), বাপক, ঢাকা;
২) মহাব্যবস্থাপক ---------------------------------------------- (সকল), বাপক, ঢাকা;
৩) অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, মহাখালী, ঢাকা;
৪) ব্যবস্থাপক ---------------------------------------------------- (সকল), বাপক, ঢাকা;
৫) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৪/৯/২০২৩

(মোঃ আব্দুছ ছামী)
নির্বাহী কর্মকর্তা (আইসিটি)